শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
BHOLA PALLI BIDYUT SAMITY

ISO 9001:2015 Certified

সদর দপ্তর,
বাংলাবাজার, ভোলা।
E-mail: bhopbs@gmail.com
Web site: www.pbs.bhola.gov.bd

স্মারক নং-২৭.১২.০৯২৯.৫৫৬.০২.০০৮.২৩. ২২০৭

তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
১১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

# আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতিতে 'অফিস সেক্রেটারী' পদে শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পবিস চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) মোতাবেক পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন কম্পিউটার অপারেটর পদে কর্মরতগণের নিকট হতে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা : |
|---|---|---|---|
| ০১ | অফিস সেক্রেটারী | ০১ (একটি) | ক) কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজী ৬০ (ষাট) এবং বাংলায় ৪০ (চল্লিশ) শব্দ শ্রুতি লিখনের দক্ষতা থাকতে হবে।<br>গ) প্রতি মিনিটে ন্যূনতম ইংরেজী ৩৫ (পঁয়ত্রিশ) এবং বাংলায় ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।<br>ঘ) কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিস্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) কম্পিউটার অপারেটর পদে সর্বশেষ ০৩ বছরের কর্মমূল্যায়ন রেটিং ৩.৫০ থাকতে হবে।<br>চ) বাংলা ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ছ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি, রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>জ) দর্শনার্থীর সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার সক্ষমতা থাকতে হবে।<br>ঝ) পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ করতে হবে। |

**শর্তাবলীঃ**

**০১। আবেদন করার নিয়মাবলীঃ**

আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখপূর্বক স্বহস্তে লিখিত আবেদন পত্রসহ আগামী **২৪/০৬/২০২৩ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১১.০০ ঘটিকায় ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বাংলাবাজার, ভোলা-এ** উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের অনুলিপি।

(খ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের অনুলিপি।

(গ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।

(ঘ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিস এর সিনিয়ির জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তি সনদ ও বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে/না থাকে) এর প্রত্যয়নপত্র।

(ঙ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(চ) সকল কাগজপত্র বর্তমানে কর্মরত পবিসের এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

**০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঘ) বিগত ০৪ (পাঁচ) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

চলমান পাতা-০২

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত এবং চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

**৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট " পদ বিবরণী" তে উল্লিখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।

(খ) পদোন্নতির বিষয়ে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

(গ) পবিস কর্মচারী চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে ভোলা পবিস এর ভৌগোলিক এলাকার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

০৭। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে ভোলা পবিস কর্মচারী চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ০৭ ধারা যথাযথভাবে অনুসরণ করা হবে। উক্ত ধারা মোতাবেক কেউ যোগ্যতা সম্পন্ন না হলে আবেদন করার প্রয়োজন নাই।

০৮। ইতঃপূর্বে অন্য কোন পবিস এর চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৯। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে ভোলা পবিস কর্মচারী চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিত ২০১২) এবং সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১০। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণের মধ্য হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে।

১১। মৌখিক নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

( মোঃ ইছাহাক আলী )
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)(সদয় অবগতির জন্য)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। **(বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ করা হল।)**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------------------পবিস-১/২/৩/৪ (যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে অবহিত করণসহ তাদের আবেদনপত্র সুপারিশসহ অগ্রায়নের জন্য অনুরোধ করা হল।)
০৫। ডিজিএম, চরফ্যাশন/ লালমোহন/পরানগঞ্জ জোনাল অফিস/ সদর- কারিগরী, ভোলা পবিস।
০৬। এজিএম (এমএস/প্রশাসন/ওএন্ডএম-সদর দপ্তর/অর্থ), ভোলা পবিস।
০৭। এজিএম (ওএন্ডএম), দঃ আইচা/তজুমদ্দিন/বোরহানউদ্দিন সাব-জোনাল অফিস, ভোলা পবিস।
০৮। এজিএম (আইটি), ভোলা পবিস **(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।**
০৯। নোটিশ বোর্ড, ভোলা পবিস।
১০। অফিস/মাষ্টার কপি।

( মোঃ ইছাহাক আলী )
জেনারেল ম্যানেজার